বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২৩ তারিখঃ ৩০ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অদ্য ১৫ ডিসেম্বর, ২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:৩০ ঘটিকায় 'মহান বিজয় দিবস, ২০২০' উপলক্ষে কমিশনের সকল কর্মচারী এবং পুঁজিবাজারের সকল অংশীজনের অংশগ্রহণে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক একটি আলোচনা সভা জুম ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় কমিশনের সকল গ্রেডের কর্মকর্তাসহ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

উক্ত সভায় কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে মহান স্বাধীনতা যুদ্ধে বীর শহীদদের স্মৃতিচারনসহ বাংলাদেশ অর্থনীতির পুনর্গঠন বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব খোন্দকার কামালউজ্জামান, কমিশনার, বিএসইসি, ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার, বিএসইসি, জনাব মো: আব্দুল হালিম, কমিশনার, বিএসইসি, জনাব ড. মো: মিজানুর রহমান, কমিশনার, বিএসইসিসহ কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

মহান বিজয় দিবসের আলোচনায় চেয়ারম্যান মহোদয় বলেন, বঙ্গবন্ধু প্রায় ৫০-৬০ বছর পূর্বে যে স্বপ্নের সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন তা বাস্তব প্রতিফলন আমরা এখন দেখতে পাচ্ছি। বর্তমানে বাংলাদেশ খাদ্য স্বয়ংস্বম্পূর্ণ, বস্ত্রে বিশ্বে দ্বিতীয় এবং বাসস্থানে প্রভুত উন্নতি অর্জন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ বছর পূর্বে যে ডিজিটাল বাংলাদেশের কথা বলেছিলেন তার ফলস্বরুপ আমরা আজকের এই মহান বিজয় দিবসের অনুষ্ঠানটি অনলাইনের মাধ্যমে করতে পেরেছি। এছাড়াও পুঁজিবাজারে ব্রোকারেজ হাউজগুলো অনলাইনের মাধ্যমে লেনদেন সম্পূর্ণ করছে। আমরা ইতিমধ্যে পৃথিবীর সকল স্থান থেকে যাতে ২৪ ঘন্টা পুঁজিবাজারে লেনদেন সম্ভব হয় সেই ব্যবস্থা গ্রহণ করছি। পরিশেষে সকল শহীদের আত্নহুতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং অনুষ্ঠানে উপস্থিতি বিএসইসি'র সকল গ্রেডের কর্মচারী এবং পুঁজিবাজারের অংশীজনদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

15-12-2020
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র